

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৫১৮

আগরতলা, ৯ অক্টোবর, ২০২৪

সীমান্ত এলাকার নায্যমূল্যের দোকান পরিদর্শনে খাদ্য দপ্তরের আধিকারিকগণ

আসন্ন দুর্গোৎসব উপলক্ষে রাজ্য সরকারের পক্ষ থেকে রাজ্যের সমস্ত নায্যমূল্যের দোকানসমূহের ভোক্তাদের মধ্যে বিনামূল্যে চিনি, ময়দা, সুজি বিতরণ করা হচ্ছে। এই বিতরণ প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে কিনা তা খতিয়ে দেখার জন্যে গত ৭ অক্টোবর খাদ্য দপ্তরের আধিকারিকগণ ভারত-বাংলাদেশ, আন্তঃরাজ্য এবং আন্তঃ সাব ডিভিশন সীমান্তবর্তী এলাকায় অবস্থিত নায্যমূল্যের দোকানগুলি পরিদর্শন করেছেন। এই কর্মসূচিতে আধিকারিকগণ রাজ্যের ৫০৭টি নায্যমূল্যের দোকান পরিদর্শন করেন। উল্লেখ্য, এ বছর রাজ্যে শারদোৎসবে সরকার ৯.৮৪ লক্ষ রেশন কার্ডধারী পরিবারের মধ্যে সম্পূর্ণ বিনামূল্যে সুজি, ময়দা এবং ১ কেজি করে চিনি বিতরণের একটি বিশেষ সিদ্ধান্ত নিয়েছে। খাদ্য, জনসংভরণ ও ক্রেতা স্বার্থ বিষয়ক দপ্তরের অধিকর্তা এক প্রেস বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানিয়েছেন।
